

তারিতে তিন ছাত্রী আটক

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ছাত্রী সংস্থার রাজনীতির সাবে জড়িত থাকার সন্দেহে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বেঙ্গম ফজিলাতুলেছা মুজিব হলের তিন ছাত্রীকে আটক করেছে হল কর্তৃপক্ষ। শনিবার সকালে বিশ্ববিদ্যালয় প্রশাসন তাদেরকে আটক করে। পরে তাদের হলে থেকে বের করে দেয়। আটককৃত ছাত্রীরা হলেন- সুমি, জান্নাতুল মাওয়া, অন্যজনের নাম পাওয়া যায়নি। জান্নাতুল মাওয়া, ছাত্রী সংস্থার সাবে জড়িত থাকার অভিযোগে হল প্রশাসন রাতে হলের বিভিন্ন রুমে তল্লাশি চালায়। এসময় ওই ছাত্রীদের ল্যাপটপ ও মোবাইল ডাউন করা হয়। রাতে হলের প্রভোস্টের কাছে তাদের ল্যাপটপ ও মোবাইল রেখে দেয়। পরে অভিযোগের বিষয়টি নিশ্চিত করে হল প্রশাসন মুচলেকা দিয়ে তাদের হল থেকে বের করে দেয়। হল প্রভোস্ট অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমানকে ফোন করা হলে মিটিংয়ে আছেন বলে ফোন রেখে দেন। এ বিষয়ে প্রফ্টর এম আমজাদ আলী জানান, রাতে ওই হলে তল্লাশি চালানো হয়। আটককৃত তিন ছাত্রীর বিরুদ্ধে ছাত্রী সংস্থায় জড়িত থাকার সম্পৃক্ততা পাওয়া যায়। প্রশাসনিক নিয়ম অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।